

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৭৮৩

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বক্তব্য " সূরা ফাতিহা ব্যতীত অন্য কিছু (তিলাওয়াত) করবে না" এর দ্বারা সূরা ফাতিহা ছাড়া অন্য কিছু তিলাওয়াত করা নিষেধ করা উদ্দেশ্য নয় মর্মে বর্ণনা

ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى أَنَّ قَوْلَهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ (فَلَا تَفْعَلُوا إِلَّا بِأُمِّ الْكِتَابِ) لَمْ يُرد بِهِ الزَّجْرَ عَنْ قِرَاءَةِ مَا وَرَاءَ فَاتِحَةِ الْكِتَابِ

## আরবী

1783 ـ أَخْبَرَنَا ابْنُ قُتَيْبَةَ قَالَ: حَدَّثَنَا ابْنُ أَبِي السَّرِيِّ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الرَّزَاقِ قَالَ أَخْبَرَنَا مَعْمَرٌ عَنِ الزُّهْرِيِّ عَنْ مَحْمُودِ بْنِ الرَّبِيعِ عَنْ عُبَادَةَ بْنِ الصَّامِتِ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (لَا صَلَاةَ لَمن لم يقرأ بِأُمِّ القرآن فصاعداً) الراوي: عُبَادَة بْن الصَّامِتِ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1783 اخلاصة حكم المحدث: صحيح. قَالَ أَبُو حَاتِمٍ رَضِيَ اللَّهُ عَنْهُ: قَوْلُهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي خَبَرِ مَكْحُولٍ: (فَلَا تَفْعَلُوا إِلَّا بِأُمِّ الْكِتَابِ) لَفْظَةُ زَجَرَ مُرَادٌ بِهَا ابْتِدَاءُ أَمْرٍ مُسْتَأْنَف. وَسَلَّمَ المَحْدِقُ وَسَلَّمَ المَحْدِقُ وَسَلَّمَ فِي خَبَرِ مَكْحُولٍ: (فَلَا تَفْعَلُوا وَقَوْلُهُ: (فَصَاعِدًا) تفرَّد بهِ مَعْمَرٌ عَنِ الزُّهْرِيِّ دُونَ أَصْحَابِهِ.

## বাংলা

১৭৮৩. উবাদা বিন সামিত রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "ঐ ব্যক্তির সালাত নেই, যে ব্যক্তি সালাতে সূরা ফাতিহা সাথে আরো কিছু পাঠ করে নাই।"[1]

আবৃ হাতিম ইবনু হিবান রহিমাহ্লাহ বলেন, "মাকহুলের হাদীসে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বক্তব্য "তোমরা কিরা'আত পাঠ করবে না, তবে সূরা ফাতিহা পাঠ ব্যতীত" এটি এমন শব্দরুপ, যার দ্বারা উদ্দেশ্য হলো নতুন করে এরকম না করা।"

হাদীসের ভাষ্য (আরো কিছু) এই অংশটুকু ইমাম যুহরী রহিমাহুল্লাহর ছাত্রদের মাঝে কেবল মা'মার এককভাবে



বর্ণনা করেছেন।"

## ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৩৬০; সহীহ মুসলিম: ৩৯৪; মুসনাদ ইমাম শাফে'ঈ: ১/৭৫; হুমাইদী: ৩৮৬; মসুনাদ আহমাদ: ৫/৩১৪; আবৃ দাউদ: ৮২২; নাসাঈ: ২/১৩৭; ইবনু মাজাহ: ৮৩৭; দারাকুতনী: ১/৩২১; ইবনুল জারূদ: ১৮৫; আবৃ আওয়ানা: ২/১২৪; সুনান বাইহাকী: ২/৩৮; বাগাবী, শারহুস সুন্নাহ: ৫৭৬; সহীহ ইবনু খুযাইমাহ: ৪৮৮; দারেমী: ১/২৮৩; তাবারানী আস সাগীর: ১/৭৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ৭৮০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ উবাদা ইব্নুস সামিত (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন